

আমাদের মন্ত্র

ঢাবিতে অনলাইনেই পরীক্ষার সিদ্ধান্ত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

২৫ মে ২০২১ ০০:০০ | আপডেট: ২৪ মে ২০২১ ২৩:৩১

আমাদের মন্ত্র

করোনা মহামারীর সংকট বিবেচনায় শিক্ষার্থীদের সেমিস্টার পরীক্ষা অনলাইনে গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের গঠিত কমিটি। এ সময় প্রয়োজনীয় ও গ্রহণযোগ্যতা বিবেচনায় পরীক্ষা দিতে অসমর্থ হওয়া শিক্ষার্থীদের সর্বোচ্চ তিনবার পর্যন্ত জরিমানা ছাড়া পরীক্ষা দেওয়ার সুযোগ রাখা হয়েছে।

গত রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদে আয়োজিত অনলাইনে সেমিস্টার চূড়ান্ত পরীক্ষা গ্রহণবিষয়ক অনুষদের গঠিত কমিটির সভায় এসব সুপারিশ উঠে এসেছে। জানা যায়, গত ৬ মে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভার সিদ্ধান্ত

অনুসারে এবং কলা অনুষদের এই কমিটির ১৬ মে সভাবের ভিত্তিতে এ সুপারিশ করা হয়েছে। এটি পরবর্তী সময়ে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভায় যাবে।

সূত্র জানায়, ফ্যাকাল্টির সভায় পরীক্ষা ৩০ নম্বরের জন্য ১ ঘণ্টায় পরীক্ষা গ্রহণের প্রস্তাব দেওয়া হয়। পাশাপাশি সেই ৩০ নম্বরকে ৬০ নম্বরে কনভার্ট করার কথা বলা হয়েছে। তবে কোনো বিভাগ চাইলে ৬০ নম্বরের পরীক্ষা নিতে পারে। পরীক্ষা নেওয়ার সময় শিক্ষার্থীদের স্বচ্ছতা নিশ্চিতে মোবাইল ফোনের ভিডিও অন করে রাখতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস বিভাগের অধ্যাপক ও বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠর একেএম গোলাম রববানী বলেন, আগামী ১ জুলাই অনলাইনে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে কলা অনুষদের ফ্যাকাল্টি মিটিং হয়েছে। করোনায় শিক্ষার্থীদের সংক্রমণের ঝুঁকিতে না ফেলে এবং প্রয়োজনীয় সুযোগ ও সক্ষমতা নিশ্চিত করেই এই পরীক্ষা গ্রহণ করা হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন খবর টেলিক

আমাদেশময়

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

[Privacy Policy](#)